“তোমাদের কেউ যেন তিনটি ঢিলার কম দিয়ে ইস্তিঞ্জা না করে”।

সালমান রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, মুশরিকরা একবার আমাকে বলল, আমরা দেখছি তোমাদের সঙ্গী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদেরকে সব কাজই শিক্ষা দেয়, এমনকি প্রস্রাব পায়খানার নিয়ম নীতিও তোমাদেরকে শিক্ষা দেয়! (জবাবে)
তিনি বললেন, হ্যাঁ, তিনি আমাদেরকে নিষেধ করেছেন ডান হাতে শৌচ কাজ করতে, (ইস্তিঞ্জার সময়) কিবলামুখী হয়ে বসতে এবং তিনি আমাদেরকে আরো নিষেধ করেছেন গোবর অথবা হাড় দিয়ে ইস্তিঞ্জা করতে। তিনি বলেছেন, “তোমাদের কেউ যেন তিনটি ঢিলার কম দিয়ে ইস্তিঞ্জা না করে”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

সালমান আল-ফারসি রাদিয়াল্লাহু আনহু বলেন: মুশরিকরা আমাদেরকে উপহাসের সুরে বলেছিল: তোমাদের নবী তোমাদের সবকিছু শেখান, এমনকি প্রস্রাব বা মলত্যাগের মত প্রয়োজন কীভাবে পূরণ করবে তাও শেখান! সালমান বললেন: হ্যাঁ, তিনি আমাদের মলত্যাগের শিষ্টাচার শিখিয়েছেন। এর মধ্যে একটি হলো, তিনি আমাদেরকে ডান হাতের সম্মান এবং নাপাক থেকে সুরক্ষার জন্য পেশাব-পায়খানার পর ডান হাতে পরিষ্কার করতে অথবা প্রস্রাব বা পায়খানা করার সময় কাবার দিকে মুখ করতে নিষেধ করেছেন। তিনি ঢিলা-কুলুখের জন্য পশুর গোবর, পশুর মল এবং পশুর হাড় ব্যবহার করতে নিষেধ করেছেন এবং নাপাক ব্যক্তিকে তিনটি পাথরের কম ব্যবহার করতে নিষেধ করেছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10048